Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলায় দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই পৌষ বুধবার ১৩৬৫ ইংরাজী 24th Dec. 1958 { ৩২শ সংখ্যা

৩রা পৌষ ১৮৮০ শকাব্দ






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

### "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

**কুমারেশ**

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই পৌষ বুধবার সন ১৩৬৫ সাল।

## মায় সুদ অপমান আদায়

—০—

হিন্দী ভাষায় একটি দোঁহা আছে, সময় সময় দেখা যায় কবি যাহা লিখিয়াছেন তাহা বর্ণে বর্ণে ফলিয়া যায়। দোঁহাটি নিম্নে প্রদত্ত হইল—

বকরী পাতি খাতি হ্যায়,
তাকো ওখারো খাল—
যো বকরীকো খাতা হ্যায়
উস্‌কা ক্যা হাওয়াল ?

বকরী অর্থাৎ ছাগল গাছের পাতাগুলি খাইয়া থাকে, সেই অপরাধের শাস্তিস্বরূপ তার খাল (চামড়া) ছাড়ান হয়। আবার এই বকরীকে যে খাইয়া থাকে তাহারও উপযুক্ত দণ্ড ভোগ করিতে হয়।

বেশী দিনের কথা নয়—পশ্চিমবঙ্গের রাজভবনে একজন অন্য প্রদেশীয় মাননীয় অতিথি আসিয়াছিলেন। কথা ছিল অতিথির প্রত্যাবর্ত্তনকালে ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত নেহরু ও গভর্ণর উভয়ে এক মোটরে মাননীয় অতিথির সহিত দমদম বিমান ঘাটিতে গিয়া অতিথিকে বিদায় সম্বর্দ্ধনা জ্ঞাপন করিবেন। অতিথি যাইতে উদ্যত হইলে গভর্ণর তাঁহাকে মোটরে লইয়া (তখনও প্রধান মন্ত্রী রাজভবনে উপস্থিত হন নাই) বিমান ঘাটি অভিমুখে যাত্রা করিয়াছিলেন। কিছুক্ষণ পরে প্রধান মন্ত্রী পণ্ডিতজী একাকী অন্য মোটরে চড়িয়া বিমান ঘাটিতে উপস্থিত হইয়া মহিলা গভর্ণরকে মহিলার প্রাপ্য সম্মান উল্লঙ্ঘন করিয়া যাহা বলা উচিত নয়, বা অত লোকের সম্মুখে তিরস্কার না করিয়া অন্য সময়ে একাকী যাহা বলা উচিত ছিল, তাহা না বিবেচনা করিয়া PROTOCOL না জানার জন্য যে ভাষায় তিরস্কার করিয়াছিলেন, তাহা গভর্ণরের অন্তরে খুব আঘাত দিয়াছিল।

এই ব্যাপার লইয়া দেশে কয়েকদিন তীব্র আলোচনা হইয়াছিল। উচ্চপদস্থ সরকারী কর্ম্মচারিগণও চাকুরীকে হীন পর্য্যায়ের অন্ন সংস্থান বলিয়া নিন্দা করিতে ছাড়েন নাই।

আজ ভারতের সেই প্রধান মন্ত্রী তাঁহার অবশ্য জ্ঞাতব্য সংবিধানের নিয়ম উল্লঙ্ঘন করিয়া কত অপ্রস্তুত হইয়া লোকসভা হইতে বিধানসভা পর্য্যন্ত তাঁহার শাসনাধীনের সভাসমূহে আলোচনার বিষয়ীভূত হইয়া কি লজ্জাই অনুভব করিতেছেন তাহা তাঁহার মন জানে আর তিনিই জানেন।

---

## বিভিন্ন প্রকার চাউল ও ধান্যের সর্ব্বোচ্চ দর

সর্ব্বোচ্চ ক্রয়মূল্য বজায় রাখার ব্যবস্থা

উৎপাদন ভালো হওয়ায় পশ্চিমবঙ্গের কোন কোন এলাকায় চাষীদের অল্পমূল্যে ধান ও চাউল বিক্রয় করিতে হইতে পারে, এই কারণে পশ্চিমবঙ্গ সরকার উৎপাদকের জন্য নির্দিষ্ট সর্ব্বোচ্চ মূল্যে প্রত্যক্ষভাবে চাষীদের নিকট হইতে ধান্য ও চাউল ক্রয়পূর্ব্বক তাঁহাদের সাহায্য করার সিদ্ধান্ত করিয়াছেন। বাজারে যদি ধান্য ও চাউলের মূল্য উৎপাদন মূল্য অপেক্ষা কম হয়, তবে চাষীরা যাহাতে তাঁহাদের উৎপন্ন মালের জন্য নির্দ্ধারিত সর্ব্বোচ্চ মূল্য পাইতে পারেন, এই ব্যবস্থার দ্বারা তাহা সুনিশ্চিত করা যাইবে। যদি কোন এলাকার কৃষকেরা তাঁহাদের মাল চাউল কলে অথবা সরকারী গুদামে অথবা ডি, পি এজেন্টদের গুদামে লইয়া যান তাহা হইলে চাষীরা তাঁহাদের মালের জন্য সর্ব্বোচ্চ মূল্য ছাড়াও মাল বহন এবং অন্যান্য আনুষঙ্গিক খরচের জন্য অতিরিক্ত অর্থও পাইবেন।

বাহির হইতে ধান্য ও চাউল সংগ্রহ

১। পশ্চিমবঙ্গ সরকার উড়িষ্যা সরকারের নিকট হইতে আড়াই লক্ষ টন চাউল ক্রয় করার সিদ্ধান্ত করিয়াছেন। উড়িষ্যা সরকারের নিকট হইতে আরো এক লক্ষ টন চাউল ক্রয় করা সম্পর্কে আলোচনা চলিতেছে। প্রয়োজন হইলে আরও চাউল সরবরাহের জন্য ভারত সরকারকে অনুরোধ জানানো হইবে।

গম

২। ভারত সরকার এই রাজ্যের গমের স্বাভাবিক চাহিদা মিটাইবেন।

কর্ডন ব্যবস্থা

পশ্চিমবঙ্গ হইতে ধান্য ও চাউল বাহিরে প্রেরণ নিষিদ্ধ করিয়া যে কর্ডন ব্যবস্থা এবং কলিকাতা ও হাওড়া মিউনিসিপ্যাল এলাকা হইতে ধান্য ও চাউল বাহিরে প্রেরণ নিষিদ্ধ করিয়া যে নিষেধাজ্ঞা আছে তাহা বলবৎ থাকিবে।

সমগ্র মুর্শিদাবাদ জেলা (কান্দী মহকুমা ব্যতীত):—

চাউলের মণ করা সর্ব্বোচ্চ দর (টাকায়) উৎপাদকেরা চাহিতে পারিবে অতি মিহি চাউলের জন্য ১৯·৭৫, মিহি চাউলের মণ ১৯·০০, মাঝারি চাউলের ১৭·৫০, মোটা চাউলের ১৬·২৫, পাইকারেরা চাহিতে পারিবেন—২০·৫০, (অতি মিহি), ১৯·৭৫ (মিহি), ১৮·২৫ (মাঝারি) এবং ১৭·০০ (মোটা)। খুচরা বিক্রেতাদের সর্ব্বোচ্চ দর:—২১·৬০ (অতি মিহি), ২০·৮০ (মিহি), ১৯·২০ (মাঝারি), ১৮·০০ (মোটা)।

ধান্যের মণ করা সর্ব্বোচ্চ মূল্য (টাকায়) অতি মিহি, মিহি, মাঝারি ও মোটা ধান্যের মূল্য পর্য্যায়ক্রমে দেওয়া হইল:—উৎপাদকেরা চাহিতে পারিবে ১১·৫০, ১১·০০, ১০·০০ ও ৯·১৯ ও পাইকারেরা ১২·০০, ১১·৫০, ১০·৫০ ও ৯·৬৯; খুচরা বিক্রেতারা ১২·৪০, ১২·০০, ১০·৮০ ও ১০·০০।

২। কান্দী মহকুমা

চাউলের মণ করা সর্ব্বোচ্চ মূল্য:—

(প্রথম অঙ্কটা অতি মিহি চাউলের, দ্বিতীয়টি মিহি চাউলের, তৃতীয়টি মাঝারি ও চতুর্থটি মোটা চাউলের):—

উৎপাদকের পক্ষে—১৯·৫০, ১৮·৭৫, ১৭·২৫, ১৬·০০; পাইকারদের পক্ষে—২০·০০, ১৯·২৫, ১৭·৭৫, ১৬·৫০; খুচরা বিক্রেতাদের পক্ষে—২১·২০ ২০·৪০, ১৮·৮০ ও ১৭·৬০। ধান্যের মণ করা সর্ব্বোচ্চ দর—উৎপাদকের পক্ষে ১১·৫০, ১১·০০, ১০·০০ ও ৯·১৯; পাইকারদের পক্ষে ১২·০০, ১১·৫০, ১০·৫০ ও ৯·৬৯; খুচরা বিক্রেতাদের পক্ষে ১২·৪০, ১২·০০, ১০·৮০ ও ১০·০০।

---

## হলদে দুয়ানি, আধপয়সা ও পাই ১লা জানুয়ারী, ১৯৫৯ হইতে আর চলিবে না

গত জুলাই মাসের ঘোষণা অনুসারে ১৯৫৯ সালের ১লা জানুয়ারী হইতে হল্‌দে দুয়ানি, আধপয়সা এবং পাই আর চলিবে না। ১৯৫৯ সালের ৩০শে জুন অবধি সেগুলি সরকারী কার্য্য নির্বাহকারী ভারতের রিজার্ভ ব্যাঙ্কের যাবতীয় অফিস এবং সরকারী ট্রেজারী ও সাব ট্রেজারীগুলি কর্ত্তৃক জনসাধারণের নিকট হইতে গৃহীত হইলেও ১৯৫৯ সালের ১লা জানুয়ারীর পর জনসাধারণকে যাহাতে অনাবশ্যক অসুবিধার সম্মুখীন হইতে না হয় এজন্য তাঁহাদিগকে উক্ত তারিখের পূর্ব্বেই যতদূর সম্ভব ঐ তিন প্রকার মুদ্রা প্রদান করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

কিন্তু ইহাতে আতঙ্কিত হইয়া বাটা দিয়া ঐ সকল মুদ্রা বিক্রয় করিয়া দিবার প্রয়োজন নাই। কারণ ঐ সকল মুদ্রা অকৃত্রিম হইলে সেগুলি পুনর্বিজ্ঞপ্তি পর্য্যন্ত ১৯৫৯ সালের ৩০শে জুনের পরেও বোম্বাই, কলিকাতা, মাদ্রাজ, কানপুর, নয়াদিল্লী, বাঙ্গালোর ও নাগপুরস্থিত রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার ইস্যু বিভাগ কর্ত্তৃক গৃহীত হইবে।

—প্রেসনোট

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আগামী ইংরাজী ৩।১।৫৯, ৫।১।৫৯ এবং ৬।১।৫৯ তারিখ বেলা ১২ ঘটিকায় যথাক্রমে নিম্নস্বাক্ষরকারীর অফিসে, ধুলিয়ান ভূমিসংস্কার অফিসে, সাগরদীঘি ভূমিসংস্কার অফিসে জঙ্গীপুর মহকুমা এলাকাধীন কিছু সংখ্যক ফেরীঘাট ১৩৬৫ সালের অবশিষ্ট সময়ের জন্য অর্থাৎ উক্ত সালের ৩০শে চৈত্র পর্য্যন্ত এবং কিছু সংখ্যক ফেরীঘাট আগামী ১৩৬৬ সালের জন্য প্রকাশ্য নিলামে নির্দ্দিষ্ট সর্ত্তাধীনে বন্দোবস্ত করা হইবে।

ফেরীঘাটের তালিকা, নিলামের ধার্য্য তারিখ ও স্থানসহ বিশদ বিবরণ ও নিলামের সর্ত্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিসে, বিভিন্ন সরকারী দপ্তরে, মিউনিসিপ্যাল দপ্তর-সমূহে এবং ইউনিয়ন বোর্ড অফিস সমূহে দেখিতে পাওয়া যাইবে।

স্বাক্ষর—এস, চৌধুরী

২৪।১২।৫৮ মহকুমা শাসক, জঙ্গীপুর

---

# ইংরাজের বড়দিন

যীশুখৃষ্টের জন্মদিনকে এক্সমাস ডে বা বড়দিন বলে। আজ ইংরাজ এ দেশের রাজা নহেন। কিন্তু বাঙ্গালী সাহেবদের জন্যও বড়দিনের ভেট অর্থাৎ উপঢৌকন বন্ধ হয় নি।



মুটিয়া—এ বাবু! ভারী বোঝা কেত্তা ঘড়ী শিরমে নিয়ে থাকবো। জলদী জলদী ফুকারো। কড়া খট খটাও।

বাবু—সবুর কর্ বাবা। নূতন সাহেব এসেছে, নেবে, কি নেবে না, কে জানে? ভারী কঠিন কাজ। যদি সৎ হয়, তবেই মুস্কল। চাপরাশীর সঙ্গে দেখা হ'লে জিজ্ঞাসা কর্‌তাম।

মুটিয়া—নেবে না! কান্‌টোলকা যুগে কোই ছোড়তা নেহি। হামি তো বহুৎ কোঠী গিয়া কোই না ঘুমতি দেতা হায়। ফুকারো, বাবু, ফুকারো।

মেথরাণী—এইসা বাবু হায়, যো সব চিজ ফেক্ দেতা হায়। দেনেবালাকো জেহাল খাটাতা হায়। এইসা বাবু হায়, যো কাঙালীকা ওয়াস্তে পাকাল খিঁচড়ী ভি খাকে, দিন গুজারতা।

বাবু—এ সাহেব কি ডালি নিয়ে থাকেন? তুমি বল্‌তে পারো সর্দ্দারের বেটী?

মেথরাণী—হামি কেনে বল্‌বো বাবু। হামরা গরীব লোক। বড়া আদমীর বড়া বাত। বাবু! হামারা শিরমে যো চিজ আছে, তুমারা মোটিয়ার শিরকা চিজ সে শুদ্ধ্ হায়। তুমারা চিজ হিন্দুকা গো, ঔর মুসলমানকা শূয়ার। দেনেবালা লেনেবালা দোনই পাপী।

বাবু—তাতো বুঝলামরে বাপু। ওদের মুখে দুটো খুদ কুঁড়ো দিয়ে, যে হাজার হাজার টাকা কামাই, তা যে ভুলতে পারছি না। সামান্য লেখাপড়া শিখে এ না করে কি উপায় আছে?

---

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪৫১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়





### বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২





আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়:—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র
৮ই পৌষ, ১৩৬৫. ইং ২৪শে ডিসেম্বর, ১৯৫৮

## লিলি ফার্ম্মেসীতে চুরি

বিগত ১৬ই ডিসেম্বর রাত্রিতে রঘুনাথগঞ্জে সদর রাস্তার উপরে ডাক্তার শ্রীরাধানাথ সরকার মহাশয়ের "লিলি ফার্ম্মেসী"তে চুরি হইয়াছে। চোরে মূল্যবান ঔষধ ও ইন্‌জেকসনের ঔষধে প্রায় এক হাজার টাকা মূল্যের জিনিষ লইয়া গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## শিক্ষক আবশ্যক

জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক বিভাগে একজন অভিজ্ঞ ম্যাট্রিক পি. টি. প্রধান শিক্ষক প্রয়োজন। বেতন মাসিক ৪০৲ টাকা (স্কুল ডি. এ. ও গভঃ ডি. এ. বাদে)। ২রা জানুয়ারী, ১৯৫৯ মধ্যে সম্পাদক, জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় (প্রাথমিক বিভাগ) পোঃ জঙ্গিপুর মুর্শিদাবাদ দরখাস্ত করিতে হইবে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১২ই জানুয়ারী ১৯৫৯

১৯৫৬ সালের ডিক্রীজারী

২৪ খাং ডিঃ সেঃ গোবিন্দদাস নাথ দেং খুদিরাম মুখোপাধ্যায় দিং দাবি ৬৭ টাকা ২২ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ৩২ শতকের কাত ৪৵১০ আঃ ২৫৲ খং ১২৭

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৮১ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং যোগেশনন্দিনী দেবী দিং দাবি ৪১ টাকা ৮৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৭-৪১ শতকের কাত ২৯৸৴০ আঃ ৫০০৲ খং ৩০ রায়ত স্থিতিবান

১৫০ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ১৮ টাকা ৩৩ নঃ পঃ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৫৫ শতকের কাত ২।৬ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

১১২ খাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং আবদুল গোফুর সেখ দিং দাবি ১৩৬ টাকা ৮৬ নঃ পঃ থানা সুতী মৌজে রাতুরী ৩-২ শতকের কাত ২১।০ আঃ ৫০৲ খং ১৬৩

১১৬ খাং ডিঃ ঐ দেং বুদ্ধু ওরফে আবদুল রেজ্জাক সেখ দিং দাবি ১৮ টাকা ১১ নঃ পঃ থানা ঐ মৌজে বংশবাটী ২৯ শতকের কাত ২৵২ আঃ ৫৲ খং ১৫২১

১৪৭ খাং ডিঃ যোগেশচন্দ্র সিংহ নাঃ দিং দেং সুরেশচন্দ্র রায় দাবি ১২ টাকা ১৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ৮০ শতকের কাত ৪৷০ দরখাস্তকারীগণের নিজাংশে ৷৷০ আঃ ৫৲ খং ৮০২ রায়ত স্থিতিবান

২০৮ খাং ডিঃ জ্যোতীশচন্দ্র দত্ত দেং পরমেশ্বর ঘোষ দাবি ১৯ টাকা ৫০ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ১৯ শতকের কাত ৩৷৵৬ ও তত্পরিস্থিত গৃহাদি সহ আঃ ৭৲ খং ৩০৫ কোর্ফা স্বত্ব

৫৮ মনি ডিঃ মহাদেব চৌধুরী দিং দেং বাখর সেখ দাবি ৪১ টাকা ৬৮ নঃ পঃ থানা সুতী মৌজে ইসলামপুর ১-৪৮ শতকের কাত ৭৴৬ দেনদারের ⅓ অংশ আঃ ৩০৲ খং ২০৪

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে জানুয়ারী ১৯৫৯

১৯৫৮ সালের ডিক্রীজারী

৫৯ খাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং ইদৃশ সেখ দিং দাবি ৩০ টাকা ৩৪ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে গাদী ৫৮ শতকের কাত ৩।৴৬ আঃ ১০৲ খং ১৩১ রায়ত স্থিতিবান

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।